গোঘাটে একগুচ্ছ রাস্তার ঘোষণা

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবাংলার উন্নয়ন এবং বাংলায় মানুষের স্বচ্ছন্দের কথা ভুলে একটার পর একটা নতুন প্রকল্প ঘোষণা করে চলেছেন। কয়েক দিন আগে অসহায় কন্যাদায়গ্রস্ত পিতাদের পাশে দাঁড়িয়ে ঘোষণা করেছেন 'রূপশ্রী' প্রকল্প। তার রেশ কিছুদিন আগে নাবালিকাদের বিবাহরোধ এবং শিক্ষাঙ্গনে গরিব মেয়েদের ধরে রাখার জন্য ঘোষণা করেন 'কন্যাশ্রী' প্রকল্প। আজও বিশ্বের দরবারে শ্রেষ্ঠত্বের আসনে প্রতিষ্ঠিত। মঙ্গলবার কৃষ্ণনগর কলেজ মাঠ থেকে ঘোষণা করলেন ১২০০০ গ্রামীণ রাস্তা উন্নয়নের কথা। এই প্রকল্পের নাম 'রাস্তাই আমার আস্থা'। গোঘাট ১নং ব্লকে বেলা ১টা বাজার আগেই উপস্থিত হয়ে যান গোঘাটের বিধায়ক মানস মজুমদার। তিনি মুখ্যমন্ত্রীর এই ঘোষণা শুরুর আগে স্থানীয় সমস্ত মানুষদের কাছে মুখ্যমন্ত্রীর 'রাস্তাই আমার আস্থা' প্রকল্পের ঘোষণা শোনবার জন্য আবেদন জানান। এছাড়া এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তপন মণ্ডল, আতাউল হক, ফরিদ খান, প্রদীপ রায়, সাহাবুদ্দিন খান, পুতুল মুর্মু, মিতা পণ্ডিত, গোঘাট ২নং জয়েন্ট বিডিও মদনমোহন ঘোষ, কামারপুকুর গ্রাম পঞ্চায়েত প্রধান সুচাঁদ কারক প্রমুখ। অন্যদিকে গোঘাট ১নং ব্লকে উপস্থিত ছিলেন বিডিও অসিতবরণ ঘোষ, পঞ্চায়েত সমিতির সভাপতি মৃণালকান্তি আলু, সহসভাপতি মনোরঞ্জন পাল ছাড়াও প্রদীপ রায়, নারায়ণ পাঁজা প্রমুখ।

গোঘাট ১নং ব্লকে পি এম জি এস ওয়াই স্কিমে মোট ১০টি রাস্তা, আর আই ডি এ -২৩ স্কিমে দুটি, নন পি এম জি এস ওয়াই স্কিমে পাঁচটি রাস্তা রয়েছে। গোঘাট ২নং ব্লকে পি এম জি এস ওয়াই স্কিমে রয়েছে ১৭টি রাস্তা, নন পি এম জি এস ওয়াই স্কিমে রয়েছে ৪টি রাস্তা।

আদালতের নির্দেশে এক সপ্তাহের মধ্যে টাকা খানাকুলের কন্যাশ্রীকে

নিজস্ব সংবাদদাতা, খানাকুল ঃ দীর্ঘদিন চেষ্টা করেও 'কন্যাশ্রী' প্রকল্পে টাকা পাচ্ছেন না হুগলির খানাকুলের ঘোলদিগরুই এলাকার প্রথম বর্ষের ছাত্রী রূপালী দত্ত। টাকা না পেয়ে তিনি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। দীর্ঘদিন লড়াইয়ের পর অবশেষে আগামী ৭ দিনের মধ্যে তাঁকে প্রাপ্য টাকা দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। এমনকি নির্ধারিত সময়ের মধ্যে টাকা না দেওয়া হলে বিডিওর বেতনও আটকে দেওয়া হতে পারে বলে নির্দেশ দিয়েছে আদালত। ঘটনাটি খানাকুল ১নং ব্লক এলাকার। স্বভাবতই এর জেরে চাপের মুখে পড়েছেন খানাকুল ১নং বিডিও থেকে শুরু করে ব্লক প্রশাসনের কর্তারা। জানা গেছে, ২০১৪ সাল থেকে চেষ্টা করেও কন্যাশ্রী প্রকল্পের ২৫ হাজার টাকা পাননি বর্তমান প্রথম বর্ষের ওই ছাত্রী। তার বদলে প্রশাসনের বিভিন্ন দপ্তর ঘুরে হয়রানির শিকার হতে হয়েছে তাঁকে ও তাঁর পরিবারের লোকজনদের। এর জেরেই তিনি আদালতের দ্বারস্থ হয়েছিলেন। ঘটনার কথা জানা জানি হতেই ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে খানাকুল ১নং ব্লক এলাকায়। নড়েচড়ে বসে ব্লক প্রশাসন। ছাত্রীর প্রাপ্য টাকা দেওয়ার জন্য ব্লক অফিস জুড়ে তৎপরতা শুরু হয়েছে বলে জানা গেছে। এবিষয়ে খানাকুল ১নং বিডিও অমর বিশ্বাস বলেন, ছাত্রীর উকিলের কাছ থেকে চিঠি পেয়েছি। তবে ঘটনাটি যে সময়ের সেই সময় আমি এই ব্লকের বিডিওর দায়িত্বে ছিলাম না। তবে মহামান্য হাইকোর্টের নির্দেশ মেনে বিষয়টি নিজে খতিয়ে দেখে ওই ছাত্রীর হাতে যাতে নির্ধারিত সময়ে তাঁর প্রাপ্য টাকা তুলে দেওয়া যায় তার জন্য প্রয়োজনীয় কাগজপত্র জেলা প্রশাসনের কাছে পাঠানো হয়েছে।

আরামবাগে ৩১ কিমি রাস্তার ঘোষণা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের তত্ত্বাবধানে হুগলির আরামবাগ ব্লকে পি এম জি এস ওয়াই প্রকল্পে প্রায় ২৬.১ কিমি রাস্তা ও নন পি এম জি এস ওয়াই প্রকল্পে ৫.১২৭ কিমি রাস্তার কাজ শুরু হল মঙ্গলবার থেকে।

উল্লেখ্য, এদিনই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নদীয়ার কৃষ্ণনগরের সভা থেকে রাজ্যের ১২০০০ কিমি রাস্তার তৈরির প্রকল্পের সূচনা হয়। আরামবাগের সভায় উপস্থিত ছিলেন মহকুমা শাসক প্রীতি গোয়েল, জেলা পরিষদের সাব এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার দেবাশিস নিয়োগী, বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরা, পৌরপ্রধান স্বপন নন্দী, পঞ্চায়েত সমিতির সভাপতি শিশির সরকার, আরামবাগ বিডিও বিশাখ ভট্টাচার্য, খাদ্য কর্মাধ্যক্ষ কমল কুশারী, নেতাজী মহাবিদ্যালয়ের উদ্ভিদবিদ্যা বিভাগের প্রধান অধ্যাপক ড. জীবন কুমার পান।

আরামবাগে জনজীববৈচিত্র্য নথিকরণ কর্মশালা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ বর্তমানে উন্নত প্রযুক্তির জন্য দিন দিন পরিবেশ থেকে লুপ্ত হয়ে যাচ্ছে বিভিন্ন ধরনের শাক সব্জী থেকে শুরু করে মাছ, পশু,পাখি ইত্যাদি। তাই সেগুলি রক্ষণাবেক্ষণের জন্য মঙ্গলবার পশ্চিমবঙ্গ জীববৈচিত্র্য পর্ষদের সহায়তায় জনজীববৈচিত্র্য নথিকরণ কর্মশালার আয়োজন করা হয় আরামবাগ পঞ্চায়েত সমিতিতে।

পঞ্চায়েত সমিতির সভাকক্ষে আয়োজিত ওই সভার মূল আলোচ্য বিষয় ছিল বিলুপ্তিকরণ প্রতিরোধ করা এবং এইসব জীবকে সংরক্ষণ করা। আরামবাগ ব্লকের প্রতিটি গ্রাম পঞ্চায়েত থেকে তিনজন করে কর্মী উপস্থিত ছিলেন। গ্রামে গ্রামে গিয়ে বিলুপ্ত প্রজাতির পশুপাখি সংরক্ষণ করা এবং তার রিপোর্ট আরামবাগ পঞ্চায়েত সমিতিতে দেওয়ার কথা বলা হয়। এই আলোচনা সভায় উপস্থিত ছিলেন রাজ্যের জনজীব বৈচিত্র্য নথিকরণ বোর্ডের আধিকারিক ড. অনির্বাণ রায়, ওই দপ্তরের প্রাক্তন আধিকারিক সুরেন্দ্রনাথ কলেজের অধ্যাপক নিমাইচন্দ্র বাড়ুই, আরামবাগ বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরা, পৌরপ্রধান স্বপন নন্দী, পঞ্চায়েত সমিতির সভাপতি শিশির সরকার, আরামবাগ বিডিও বিশাখ ভট্টাচার্য, খাদ্য কর্মাধ্যক্ষ কমল কুশারী, নেতাজী মহাবিদ্যালয়ের উদ্ভিদবিদ্যা বিভাগের প্রধান অধ্যাপক ড. জীবন কুমার পান।

প্রধানের মৃত্যুতে শোকস্তব্ধ খানাকুল

নিজস্ব সংবাদদাতা, খানাকুল ঃ মারা গেলেন হুগলির খানাকুল ১নং গ্রাম পঞ্চায়েতের প্রধান শচীকান্ত ঘোষ। মারা যাওয়ার সময় বয়স হয়েছিল ৪৩ বছর। সোমবার রাত ১১টা নাগাদ কলকাতার চিত্তরঞ্জন হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। জানা গেছে, বেশ কিছুদিন ধরেই হৃদরোগজনিত সমস্যায় ভুগছিলেন তিনি। রবিবার রাতে হঠাৎই সেই সমস্যা বৃদ্ধি পাওয়ায় তাঁকে কলকাতার চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিকেল হাসপাতালে ভর্তি করা হয়। তাঁর মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই খানাকুল জুড়ে শোকের ছায়া নেমে আসে। মঙ্গলবার সকালে তাঁর মরদেহ নিয়ে আসা হয়। ঘন্টেশ্বর মহাশ্মশানে শচীকান্তবাবুর শেষ কৃত্য সম্পন্ন হয়। তাঁর শেষ যাত্রায় অনুগামী ও রাজনৈতিক সতীর্থদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। ছাত্রজীবন থেকেই তিনি বামপন্থী বিচারী আন্দোলনে যুক্ত ছিলেন। পরে তৃণমূল রাজ্যে ক্ষমতায় এলে খানাকুল ১ গ্রাম পঞ্চায়েতে প্রধান হিসাবে দায়িত্ব ভার গ্রহণ করেন। এছাড়াও এলাকায় জনপ্রিয় নেতা হিসাবে দীর্ঘদিন কাজ করেছেন তিনি। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন খানাকুল বিধায়ক ইকবাল আহমেদ।

বেআইনি তেল ও গ্যাস পাচার, গ্রেফতার এক

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ সোমবার রাতে হুগলির চন্দননগর পৌরনিগমের ৮ নং ওয়ার্ড কাঁটাপুকুর এলাকা থেকে চন্দননগর থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে হানা দিয়ে ১৭৫০ লিটার কেরোসিন তেল ও ৭৮টি গ্যাস সিলিণ্ডার বাজেয়াপ্ত করে। এই ঘটনায় বিজয় দাস নামে একজনকে গ্রেফতার করে চন্দননগর থানার পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার রাত আটটা নাগাদ চন্দননগরের কাঁটাপুকুর এলাকা থেকে একটি মিনি ট্রাকে করে বিজয় দাস নামে এক যুবক ৩৫টি ৫০ লিটারের কনটেনারে করে ১৭৫০ লিটার কেরোসিন তেল ও ৭৮টি সিলিণ্ডারে গ্যাস পাচার করবার সময় হাতেনাতে চন্দননগর থানার পুলিশের তৎপরতায় ধরা পড়ে যায়। পুলিশ আরও জানায়, বেশ কয়েক বছর ধরে এই ধরনের কারবার করে আসছিল বিজয়। সোমবার বিকেলে সূত্র মারফত খবর পেয়ে চন্দননগর থানার ওসি স্বপন সিংহ ঠাকুর, প্রদীপ দাস ও সুবীর গোস্বামীর নেতৃত্বে সেখানে হানা দিয়ে বাজেয়াপ্ত করে কেরোসিন তেল ও গ্যাস সিলিণ্ডার। এটা একটা বড় সাফল্যের কাজ বলে মনে করেন চন্দননগর কমিশনারেট। এর সঙ্গে আরও কেউ যুক্ত আছে কিনা তার তদন্ত শুরু করেছে চন্দননগর কমিশনারেটের চন্দননগর থানার পুলিশ। ধৃতকে মঙ্গলবার চন্দননগর আদালতে তোলা হয় বলে জানিয়েছে চন্দননগর থানার পুলিশ।

পঞ্চায়েতের নিজস্ব সম্পদ বৃদ্ধির জন্য সভা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ হুগলির আরামবাগ রবীন্দ্রভবনে সোমবার গ্রাম পঞ্চায়েতের নিজস্ব সম্পদ বৃদ্ধির লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় হুগলি জেলা প্রশাসনের বিভিন্ন আধিকারিক উপস্থিত ছিলেন। এছাড়াও আরামবাগ মহকুমার ৬৩টি গ্রাম পঞ্চায়েতের সচিব বা নির্বাহী সহায়কসহ কর আদায়কারীরা এই সভায় হাজির ছিলেন। তাঁদেরকে জেলা প্রশাসনের পক্ষ থেকে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব আয় কিভাবে বাড়াতে হবে সে বিষয়ে উদ্যোগ নেওয়ার কথা বলা হয়। গ্রাম পঞ্চায়েতের প্রশাসনিকসহ বিভিন্ন জরুরিভিত্তিক উন্নয়নমূলক কাজের খরচ সাধারণ গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে করা হয়। সেক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব আয় বৃদ্ধি না পেলে পঞ্চায়েত পরিচালনায় অসুবিধার সৃষ্টি হয়। তাছাড়া আই এস জি পি এবং কেন্দ্রীয় অর্থ কমিশনের মতো প্রকল্পের টাকা পেতে গেলেও অবশ্যই নিজস্ব আয়বৃদ্ধি করতে হবে। এখন দেখার পালা পঞ্চায়েতগুলি কিভাবে তাদের নিজস্ব আয় বৃদ্ধি করে।

মানকুণ্ডুতে নতুন শিবমন্দিরের উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ হুগলির চন্দননগর মানকুণ্ডু ভাতৃসংঘ ও এলাকার বাসিন্দাদের সহযোগিতায় গড়ে উঠেছে নবনির্মিত শিবের মন্দির। আজ বুধবার সকালে তার আনুষ্ঠানিক উদ্বোধন হবে। জানা গেছে, এলাকার সুবিধার জন্য এলাকারই বাসিন্দারা এই মন্দির তৈরিতে উদ্যোগী হয়েছেন। বহুদিন ধরে ওই এলাকার মানুষ শিবের পুজো দিতে দূরে যেতে বাধ্য হতেন। সেই সমস্যা মেটাতেই এই মন্দির তৈরিতে উদ্যোগী হন। বিভিন্ন মানুষ এর জন্য অর্থ দান করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে বহু বিশিষ্ট মানুষ উপস্থিত থাকবেন। পাশাপাশি পুজো ও অন্যান্য অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে।

বাস এ্যাসোসিয়েশনের পথনিরাপত্তা সচেতনতা

নিজস্ব সংবাদদাতা,আরামবাগ ঃ ইন্টার এণ্ড ইন্ট্রা রিজিয়ন বাস এ্যাসোসিয়েশনের হুগলির আরামবাগ শাখার উদ্যোগে মঙ্গলবার আরামবাগ বাসস্ট্যান্ড এলাকায় পথনিরাপত্তা সচেতনতা শিবিরের আয়োজন করতে এক প্রচারাভিযানের ব্যবস্থা করা হয়। সাযবানে গাড়ি চালানো, হেলমেট পরে বাইক চালানো, চার চাকা গাড়ির চালকদের সিট বেল্ট বাঁধা, গাড়ি চালানোর সময় মোবাইল ফোন ব্যবহার না করা, বাসের ছাদে যাত্রীপরিবহন না করা, পথচারীদের ইাঁটার সময় সিগন্যাল দেখে পারাপার হওয়া ইত্যাদি বিষয়ে প্রচার চালানো হয়। প্রচার চলাকালীন পথচারীদের হাতে চকলেট তুলে দেওয়া হয়। এই কর্মসূচীতে উপস্থিত ছিলেন সংগঠনের সম্পাদক নিতাই বাগ, সভাপতি সৌমেন ভট্টাচার্য ছাড়াও রামপ্রসাদ হেঁস, শ্যামল ঘোষ, সফিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

জখম ছাত্রীর পাশে তৃণমূল নেতারা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ এক জখম ছাত্রীর প্রতি মানবিকতার হাত বাড়িয়ে দিলেন তৃণমূল নেতারা। বর্তমানে ওই ছাত্রী আরামবাগ মহকুমা হাসপাতালের এইচ ডি ইউতে আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন। ওই ছাত্রীর নাম পূর্ণিমা হেমব্রম। বাড়ি হুগলির আরামবাগের চাঁদুর ইটপাঁজা এলাকায়। কিছুদিন আগে ওই ছাত্রীর বাবা মারা গেছেন। বর্তমানে তার মা ও ভাই আছে। পূর্ণিমা চাঁদুর হাইস্কুলের নবম শ্রেণির ছাত্রী। মঙ্গলবার সকালে সে টিউশন পড়ে বাড়ি ফিরছিল। আরামবাগ-বর্ধমান রাস্তার ধারে যখন সে দাঁড়িয়েছিল তখন বর্ধমানগামী একটি লরি তাকে ধাক্কা মারে। গুরুতর জখম অবস্থায় সে রাস্তার উপর লুটিয়ে পড়ে। ওই সময় ওই পথে যাচ্ছিলেন তৃণমূল নেতা সেখ সেলিম, শাহিদ ইমাম, পলাশ রায়, আজিজুল ইসলাম প্রমুখ। তাঁরা সঙ্গে সঙ্গে ওই ছাত্রীকে উদ্ধার করে আরামবাগ মহকুমা হাসপাতালে নিয়ে যান। কিন্তু তার শারীরিক অবস্থার দ্রুত অবনতি হতে থাকায় চিকিৎসক তাকে এইচ ডি ইউতে রাখার ব্যবস্থা করেন। কিন্তু ওই ছাত্রীর পরিবারের আর্থিক অবস্থা অত্যন্ত খারাপ। তখন এব্যাপারে সাহায্যের জন্য এগিয়ে আসেন তৃণমূল নেতা মীর চন্দ্রল। মীর চন্দ্রল বলেন, ওই ছাত্রীর চিকিৎসার জন্য বাইরে থেকে যদি কোনও ওষুধ বা অন্যান্য জিনিসের প্রয়োজন হয় তার জন্য যা খরচ হবে আমরা দেব। আমরা সবসময়ই ওই পরিবারের পাশে আছি।

ধৃত বাইক চোর

নিজস্ব সংবাদদাতা, ভদ্রেশ্বর ঃ বেশ কিছুদিন ধরে হুগলির ভদ্রেশ্বর থানা এলাকায় চুরি হয়ে যাচ্ছিল মোটর সাইকেল। সোমবার রাতে ভদ্রেশ্বর পুরসভা এলাকার এক সিনেমা হলের সামনে থেকে চুরি হয়ে যায় এক ব্যবসায়ীর ওই মোটর সাইকেলটি। চুরি হয়ে যাওয়ার এই ঘটনায় ব্যবসায়ী ভদ্রেশ্বর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। এরপরেই পুলিশ তদন্তে নেমে মঙ্গলবার বিকালে মোটর সাইকেলসহ দুজনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে একজনের বাড়ি জগদ্ধাত্রী পল্লি, অন্যদের বাড়ি বিতারায় বলে জানিয়েছেন ভদ্রেশ্বর থানার আইসি নন্দন পানীগ্রাহী। ধৃতদের নাম সুলীত্ব ঘাণ ও লোকনাথ দে। মঙ্গলবার তাদের চন্দননগর আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

স্কুলকে ঘরদান সমাজসেবীর

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ হুগলির তারকেশ্বর থানা এলাকার বিশিষ্ট সমাজসেবী স্বপন পাল তারকেশ্বর ক্ষেত্র মহাবিদ্যালয়ের একটি ঘর দান করেন। স্কুল শিক্ষক সত্যজিৎ বসু জানালেন, আর্থিক সংকটের কারণে স্কুলের অনেককিছু করে উঠতে পারা যায়নি। তাই স্বপনবাবুকে স্কুলের জন্য কিছু করতে আবেদন করেছিলাম। আমাদের ডাকে সাড়া দিয়ে উনি একটি ঘর প্রদান করেছেন। স্বপনবাবু বলেন, এই স্কুলে আমার মেয়ে পড়াশোনা করে। তাই আমি স্কুলের উন্নতির জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছি। স্কুলের পাশে থাকতে পেরে আমি খুশি।

দেবানন্দপুরে শ্যামমহোৎসব পালন

নিজস্ব সংবাদদাতা, ব্যান্ডেল ঃ হুগলির দেবানন্দপুর পঞ্চায়েতের শরৎচন্দ্র ইন্সটিটিউটে মহাসমারোহে শ্যামমহোৎসব অনুষ্ঠিত হল। এই উপলক্ষ্যে সকাল থেকেই অসংখ্য মানুষ গোপাল ঠাকুরের পুজো পাঠের পাশাপাশি ধর্মীয় সংগীতে পা মেলালেন। এদিন প্রায় ৪ হাজার ভক্ত উপস্থিত ছিলেন।

তারকেশ্বর মহাবিদ্যালয়ের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ হুগলির তারকেশ্বর মহাবিদ্যালয়ের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান হয়ে গেল। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তারকেশ্বর পৌরপ্রধান স্বপন সামন্ত, কাউন্সিলর তথা মহাবিদ্যালয়ের পরিচালন কমিটির সভাপতি উত্তম ভাণ্ডারীসহ বহু বিশিষ্ট ব্যক্তি, শিক্ষক শিক্ষিকা এবং সমাজসেবী স্বপন ক্ষেত্রপাল প্রমুখ। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সত্যজিৎ বসু এদিনের অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বলেন, এই মুহূর্তে আমাদের স্কুলে শিক্ষকের অনেকগুলি পদ শূন্য রয়েছে। তবে আমাদের যে সকল পার্শ্বশিক্ষক আছেন তাঁরা খুব আন্তরিকতার সঙ্গে কাজ করে চলেছেন। বুঝতেই পারা যায় না যে আমাদের স্কুলে শিক্ষক কম আছেন। এছাড়াও আমাদের স্কুলে একটি ভলিবল প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। এখানে খেলে তিথি ধাড়া। প্রধানমন্ত্রীর প্রকল্প 'খেলো ইন্ডিয়া খেলো'তে ভলিবলে ৫ হাজার জন প্রতিযোগীর মধ্যে সর্বশ্রেষ্ঠ খেলোয়াড় হিসাবে স্বীকৃত হয়েছে তিথি। এদিন প্রদীপ প্রজ্জ্বলন ও পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। স্কুলের ছাত্রীদের উদ্বোধনী সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুরু হয়।

মানিক সংঘের ৮দলীয় ক্রিকেট প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ হুগলির আরামবাগের মানিক সংঘের উদ্যোগে কালীপুর স্পোর্টস কমপ্লেক্সে এক ডিউস ক্রিকেট প্রতিযোগিতা শুরু হল। মঙ্গলবার এর উদ্বোধনী অনুষ্ঠানে বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন। অংশগ্রহণকারী দলগুলি হল ধনেখালির নেতাজী ক্রিকেট কোচিং সেন্টার, বর্ধমানের বিনোদী মাধব সামন্ত কোচিং ক্লাব, আরামবাগের কালীপুর সুভাষ এ্যাথলেটিক্স, কোতুলপুরের মা সারদা ক্লাব, সিঙ্গুর ক্রিকেট ক্লাব, আরামবাগ সবুজ সংঘ, কলকাতার সনৎ চ্যাটার্জী ক্রিকেট ক্লিনিক, কোন্নগরের আলকালী একাদশ। উদ্যোক্তারা জানিয়েছেন, চ্যাম্পিয়ান দলকে ২০ হাজার টাকা ও ট্রফি এবং রানার্স দলকে ১৫ হাজার টাকা ও ট্রফি দেওয়া হবে। এছাড়াও ম্যান অফ ম্যাচ, ম্যান অফ দি সিরিজ, বেস্ট বোলার, বেস্ট কিপার, বেস্ট ফিল্ডার, বেস্ট ক্যাচারকেও পুরস্কৃত করা হবে। এমনকি মাঠের বাইরে ক্যাচ ধরলে দর্শকদের জন্য থাকছে আকর্ষণীয় পুরস্কার। জানা গেছে, প্রতিটি প্রতিযোগিতা ২০ ওভার করে অনুষ্ঠিত হয়।

হেলথ ক্যাম্প

নিজস্ব সংবাদদাতা, পাণ্ডুয়া ঃ বেঙ্গল হেলথ কেয়ার হেল্পলাইন চ্যারিটেবল ট্রাস্টের পক্ষ থেকে হুগলির পাণ্ডুয়ায় শশীভূষণ সাহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে দুদিন ব্যাপী মেডিকেল হেলথ ক্যাম্পের আয়োজন করা হয়।

ব্যান্ডেলে প্রিমিয়ার ক্রিকেট লীগ

নিজস্ব সংবাদদাতা, ব্যান্ডেল ঃ আগামী ২৪ ফেব্রুয়ারি হুগলির ব্যান্ডেল পঞ্চায়েতের অন্তর্গত অন্নপূর্ণা পালপাড়া প্রিমিয়ার ক্রিকেট লীগ অনুষ্ঠিত হবে অন্নপূর্ণা পালপাড়া মাঠে। 'এপিপিএল ৭' নামে এই প্রতিযোগিতায় মোট ৮টি অংশগ্রহণ করবে।

বেড়াতে আসুন কামারপুকুরে

কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে
যোগাযোগ ঃ বাসুদেব লজ, কামারপুকুর
ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯

নিরোগ ডায়গনস্টিক
আরামবাগ, কোর্টরোড, হুগলী Ph : 03211-256950 Mob. 9732843677
- MRI
- 3D Multi Slice CT Scan
- Digital X-Ray
- Colour Doppler
- Ultrasonography
- Echocardiography 2DM Mode & colour
- Holter Monitor
- Endoscopy
- Colonoscopy
- EMG
- NCV
- EGG
- Pathology
- FNAC